গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(নেজারত শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং ০৫.৪৭.৫২০০.০০০.০০৭.০৪.০০০৬.২৬.৩৭৭

তারিখ : ২৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ আগষ্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**সরবরাহকারী তালিকাভুক্তিকরণ বিজ্ঞপ্তি**

২০২৬-২০২৭ অর্থবছরে লালমনিরহাট জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের গোপনীয় শাখা (আবাসিক কার্যালয়) এবং সার্কিট হাউজে মালামাল/সামগ্রী সরবরাহ/মেরামত করার নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে পাবলিক প্রকিউরমেন্ট আইন (PPA ২০০৬) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (PPR ২০২৫) অনুসারে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলগালাযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | বিবরণ | বিস্তারিত বিবরণ |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ২. | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট |
| ৩. | দরপত্র আহবানকারী | জেলা প্রশাসক, লালমনিরহাট |
| ৪. | ক্রয়কারী কর্তৃপক্ষের জেলা | লালমনিরহাট |
| ৫. | কাজের ধরণ | ২০২৬-২০২৭ অর্থবছরে লালমনিরহাট জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের গোপনীয় শাখা (আবাসিক কার্যালয়) এবং সার্কিট হাউজের জন্য অন্যান্য মনিহারী (৩২৫৫১০৫), কম্পিউটার সামগ্রী (৩২৫৫১০১), ব্যবহার্য সামগ্রী (৩২৫৬১০৩), অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি মেরামত (৩২৫৮১০৫), কম্পিউটার ও আনুষঙ্গিক (৪১১২২০২), বৈদ্যুতিক সরঞ্জামাদি (৪১১২৩০৩) সরবরাহ, কম্পিউটার মেরামত (৩২৫৮১০৩), অফিস সরঞ্জামাদি (৪১১২৩১০) সরবরাহ/মেরামত এবং আপ্যায়ন সামগ্রী (৩২১১১০৬)। |
| ৬. | বরাদ্দের উৎস | GOB. |
| ৭. | সংগ্রহ/ক্রয় পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)। |
| ৮. | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ০৩ সেপ্টেম্বর, ২০২৬ (সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন)। |
| ৯. | দরপত্র বিক্রয়ের স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট; নেজারত শাখা। |
| ১০. | দরপত্র দাখিলের তারিখ | ০৬ সেপ্টেম্বর, ২০২৬ দুপুর ১.০০ টা পর্যন্ত। |
| ১১. | দরপত্র দাখিলের স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট-এ স্থাপিত দরপত্র বাক্স। |
| ১২. | দরপত্র উন্মুক্তকরণের তারিখ, সময় ও স্থান | ০৬ সেপ্টেম্বর, ২০২৬ বিকাল ৩.০০ টা।<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট-এর অফিস কক্ষ। |
| ১৩. | দরপত্র সিডিউলের মূল্য | সিডিউল-১ ও সিডিউল-২ এর জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা, সিডিউল-৩ এর জন্য ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং সিডিউল-৪ এর জন্য ১,০০০/- (এক হাজার) টাকা অফেরযোগ্য প্রদান করতে হবে। দরপত্রের সাথে সিডিউল ক্রয়ের রশিদ সংযুক্ত করে দাখিল করতে হবে। |
| ১৪. | দরপত্র জামানত | জেলা প্রশাসক, লালমনিরহাট-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে উদ্ধৃত দরের ৩% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য)। |
| ১৫. | সরবরাহের মেয়াদ | ৩০ জুন, ২০২৭ খ্রি.পর্যন্ত। |
| ১৬. | দরপত্র আহবানকারী কর্মকর্তার সাথে যোগাযোগের ঠিকানা | নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।<br>ফোন/মোবাইল: ০১৭৩৩-৩০০২০৬ |

CamScanner

## শর্তাবলী

১। দরপত্রে স্পষ্টাক্ষরে উদ্বৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি ঘষামাজা করা যাবে না। দরপত্র অবশ্যই সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে।

দরপত্র সিডিউলের বিবরণ

| সিডিউল নম্বর | সিডিউলের বিষয় |
|---|---|
| সিডিউল-১ | আপ্যায়ন সামগ্রী সরবরাহ |
| সিডিউল-২ | অন্যান্য মনিহারি ও ব্যবহার্য সামগ্রী সরবরাহ |
| সিডিউল-৩ | কম্পিউটার ও আনুষঙ্গিক সামগ্রী, অফিস সরঞ্জাম এবং বৈদ্যুতিক সরঞ্জাম সরবরাহ/মেরামত |
| সিডিউল-৪ | অনুষ্ঠান/উৎসবের ডেকোরেশন/ব্যবস্থাপনা (ইভেন্ট ম্যানেজমেন্ট) |

২। দরপত্রের সাথে হাল সময়ের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, দরদাতার জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি, নাগরিক সনদ এবং সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

৩। কাগজপত্র যাচাইকালে কাগজপত্রের সত্যতা পাওয়া না গেলে বা একজনের সার্টিফিকেট অন্যজন কর্তৃক ব্যবহার করা হলে বা একজনের নামে অন্যজনের জামানতের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট দাখিল করা হলে জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র দাখিল করা যাবে না। কোন দরদাতা দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করতে চাইলে দরপত্র বাক্স খোলার পূর্বেই প্রত্যাহারের আবেদন দরপত্র বাক্সে দাখিল করতে হবে।

৫। নির্বাচিত সরবরাহকারীকে তালিকাভুক্তির নিমিত্ত পিপিআর ২০২৫ এর বিধান মোতাবেক ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা তালিকাভুক্তকরণ ফি হিসেবে (অফেরতযোগ্য) জমা প্রদান করতে হবে।

৬। আগামী ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত ফ্রেমওয়ার্ক চুক্তির মাধ্যমে ঠিকাদার নিয়োগ করা হবে। উক্ত সময়ের মধ্যে অফিসের চাহিদা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে এবং সরবরাহকৃত মালামালের বিল প্রদান করা হবে।

৭। উল্লিখিত সময়ের মধ্যে বাজার দর কম/বেশি হলে বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে দরপত্রে উল্লিখিত দর কম/বেশি হবে। তবে দাম বৃদ্ধির ক্ষেত্রে তা কোনভাবেই ৫% এর বেশি হবে না।

৮। সিডিউলের বাইরে কোন মালামাল ক্রয়ের প্রয়োজন দেখা দিলে তা বাজার দর অনুযায়ী সরবরাহ করতে হবে। সরবরাহকৃত পণ্যের মান সঠিক না থাকলে সরবরাহকারীর কার্যাদেশ বাতিল পূর্বক জামানত বাজেয়াপ্ত করা হবে।

৯। কেবল দেশি দরদাতা প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া, CPTU (Central Procurement Technical Unit) বা যে কোন সরকারি প্রতিষ্ঠান/দপ্তর কর্তৃক কালো তালিকাভুক্ত প্রতিষ্ঠান দরপত্র দাখিলের জন্য বিবেচিত হবে না।

১০। বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ সর্বনিম্ন দরদাতাকে মালামাল সরবরাহের জন্য নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হবে। নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড এর শর্তসাপেক্ষে দাখিলকৃত দরের ১০% অর্থ কার্যসম্পাদন জামানত প্রদান করা হলে গৃহীত দরদাতার সাথে চুক্তিদলিল স্বাক্ষর করা হবে।

১১। নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড এর শর্তানুযায়ী মালামাল সরবরাহে সম্মত না হলে এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যসম্পাদন জামানত দাখিল করা না হলে দরপত্রসহ নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড বাতিল হবে এবং ২য় সর্বনিম্ন দরাদাতাকে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

১২। কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১৩। কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক মালামাল সরবরাহকারী কর্তৃক ০১ (এক) কার্যদিবসের মধ্যে সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামাল মানসম্মত না হলে কিংবা কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী না হলে তা তাৎক্ষনিক পরিবর্তন করে দিতে হবে অন্যথায় সম্পদিত চুক্তি বাতিলপূর্বক কার্যসম্পাদন জামানত বাজেয়াপ্ত করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও কালো তালিকাভুক্ত করা হবে।

১৪। সর্বনিম্ন দরদাতাই গৃহীত দরদাতা হিসেবে বিবেচিত নাও হতে পারে। কর্তৃপক্ষ সরকারি স্বার্থে দরপত্রের যে কোন শর্তাবলি সংশোধন/পরিবর্তনের প্রস্তাব করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল এবং সরবরাহতব্য পণ্যের পরিমাণ হ্রাস-বৃদ্ধি করে কার্যাদেশ প্রদান ও সরকারি স্বার্থে যে কোন শর্ত আরোপ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। ক্রয় প্রক্রিয়ার সকল কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (সর্বশেষ সংশোধনকৃত) মোতাবেক পরিচালিত হবে ।

১৩/৮/২৫

(মুহ: রাশেদুল হক প্রধান)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

১৩/৮/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(নেজারত শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং ০৫.৪৭.৫২০০.০০০.০০৭.০৪.০০০৬.২৬.৩৭৭

তারিখ : ২৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৩ আগষ্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০২. যুগ্মসচিব, বাজেট ও পরিরীক্ষণ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

০৩. পুলিশ সুপার, লালমনিরহাট।

০৪. সিভিল সার্জন, লালমনিরহাট।

০৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি, লালমনিরহাট।

০৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।

০৭. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, লালমনিরহাট।

০৮. সম্পাদক, দৈনিক............................................................। তাকে বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় পরবর্তী সংখ্যায় ভিতের পাতায় ৯ "X ৩ "কলামে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশের দিনই পত্রিকার কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৯. ..........................................................................................................................................

(মুহ: রাশেদুল হক প্রধান)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd